

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৪৩

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দুর্নীতি, অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ الله عَنهُمَا قَالَ : كُنَّا نَتَحَدَّثُ عَنْ حَجَّةِ الوَدَاعِ والنّبيُّ ﷺ بَيْنَ أَظْهُرِنَا وَلا نَدْرِي مَا حَجَّةُ الوَدَاعِ حَتّٰى حَمِدَ اللهَ رَسُول الله ﷺ وَأَثْنَى عَلَيهِ ثُمَّ ذَكَرَ المَسْيحَ الدَّجَّال فَأَطْنَبَ في ذكْرِهِ وَقَالَ مَا بَعَثَ اللهُ مِنْ نَبيّ إِلاَّ أَنْذَرَهُ أَمْتَهُ، أَنْذَرَهُ نُوحٌ وَالنّبِيُّونَ مِنْ بَعْدِهِ وَإِنَّهُ إِنْ يَخْرُجْ فِيكُمْ فَمَا خَفِيَ عَلَيْكُمْ مِنْ شَأَنِه فَلَيْسَ يَخْفَى عَلَيْكُم إِنَّ وَالنّبِيُّونَ مِنْ بَعْدِهِ وَإِنَّهُ أَنْ يَخْرُجُ فِيكُمْ فَمَا خَفِي عَليْكُمْ مِنْ شَأَنِه فَلَيْسَ يَخْفَى عَلَيْكُم إِنَّ رَبّكُمْ لَيْسَ بَاعْوَرَ وَإِنَّهُ أَعْوَرُ عَيْنِ اليُمْنَى كَأَنَّ عَيْنَهُ عِنَبَةٌ طَافِيَةٌ أَلا إِنَّ الله حَرَّمَ عَلَيْكُمْ رَبّكُمْ لَيْسَ بَاعْوَرَ وَإِنَّهُ أَعْوَرُ عَيْنِ اليُمْنَى كَأَنَّ عَيْنَهُ عِنَبَةٌ طَافِيَةٌ أَلا إِنَّ الله حَرَّمَ عَلَيْكُمْ دَمَاءكُمْ وَأَمْوَالَكُمْ كُورُمَةِ يَوْمِكُمْ هَذَا في بَلَدِكُم هَذَا في شَهْرِكُمْ هَذَا أَلا هَلْ بَلَغْتُ ؟ قَالُوا دَمَاءكُمْ وَأَمْوَالَكُمْ كُورُمَةِ يَوْمِكُمْ هَذَا في بَلَدِكُم هَذَا في شَهْرِكُمْ هَذَا أَلا هَلْ بَلْغُتُ ؟ قَالُوا : نَعَمْ قَالَ اللّهُمَّ اشْهَدْ ثلاثاً وَيْلَكُمْ أَوْ وَيُحَكُمْ انْظُرُوا : لا تَرْجِعُوا بَعْدِي كُفّاراً يَضْرِبُ بُعْضُ رِقَابَ بَعْضٍ رواه البخاري وروى مسلم بعضه

বাংলা

(২২৪৩) ইবনে উমার (রাঃ) বলেন, আমরা বিদায়ী হজ্বের ব্যাপারে আলাপগুআলোচনা করেছিলাম। এমতবস্থায় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে উপস্থিত ছিলেন। আর আমরা জানতাম না যে, বিদায়ী হজ্জ কী? পরিশেষে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর প্রশংসা করলেন। অতঃপর কানা দাজ্জালের কথা বিস্তারিতভাবে আলোচনা করলেন। তিনি বললেন, "আল্লাহ যে নবীই পাঠিয়েছেন, তিনি নিজ জাতিকে তার ব্যাপারে ভয় দেখিয়েছেন। নূহ ও তাঁর পরে আগমনকারী নবীগণ তার ব্যাপারে ভীতি প্রদর্শন করেছেন। যদি সে তোমাদের মধ্যে বের হয়, তবে তার অবস্থা তোমাদের কাছে গোপন থাকবে না।

তোমাদের কাছে এ কথা গোপন নয় যে, তোমাদের প্রভু কানা নয়, আর দাজ্জাল কানা হবে। তার ডান চোখ কানা হবে, তার চোখিট যেন (গুচ্ছ থেকে) ভেসে ওঠা আঙ্গুর। সতর্ক হয়ে যাও, নিশ্চয় আঙ্গাহ তাআলা তোমাদের প্রতি তোমাদের রক্ত ও মাল হারাম ক'রে দিয়েছেন; যেমন তোমাদের এদিন হারাম তোমাদের এই শহরে, তোমাদের এই মাসে। শোনো! আমি কি (আঙ্গাহর পয়গাম) পৌঁছে দিয়েছি?" সাহাবীগণ বললেন, 'হাাঁ।' অতঃপর তিনি তিনবার বললেন, হে আঙ্গাহ! তুমি সাক্ষী থাক। (অতঃপর বললেন,) তোমাদের জন্য বিনাশ অথবা আফশোস। দেখো, তোমরা আমার পর এমন কাফের হয়ে যেয়ো না যে, তোমরা এক অপরের গর্দান মারবে।



ফুটনোট

(বুখারী ৪৪০২, কিছু অংশ মুসলিম ২৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন